শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.sau.edu.bd

Sher-e-Bangla Agricultural University
Sher-e-Bangla Nagar, Dhaka-1207
www.sau.edu.bd

স্মারকনং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/৩(৫৬)/২০১৮-২০২০ তারিখঃ ০৭-১০-২০১৮খ্রিঃ

ভর্তি বিজ্ঞপ্তি (Admission Circular)
শিক্ষাবর্ষ ২০১৯ (Session 2019)

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০১৯ শিক্ষাবর্ষে বিভিন্ন অনুষদে স্নাতক (লেভেল-১, সেমিস্টার-১) শ্রেণিতে ভর্তিচ্ছু আবেদনকারীদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যসমূহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

১. **আবেদনের সময়সীমা** ঃ ১০-১০-২০১৮ খ্রিঃ হতে ১৫-১১-২০১৮ খ্রিঃ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত।

২. **অনুষদ ভিত্তিক আসন বিন্যাস**

অনুষদের নাম	প্রোগ্রাম (ডিগ্রি)	আসন সংখ্যা
কৃষি	বি এসসি এজি (অনার্স)	৩৫০*
এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট	বিবিএ ইন এগ্রিবিজনেস	৬০*
	বি এসসি ইন এগ্রিকালচারাল ইকোনমিক্স (অনার্স)	৬০*
এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন	বি এসসি ভেট সায়েন্স এন্ড এ এইচ	১০০*
ফিসারিজ এন্ড একোয়াকালচার	বি এসসি ইন ফিসারিজ (অনার্স)	৫০*
মোট		**৬২০***

* বিধি মোতাবেক আসনের সঙ্গে কোটার আসনসমূহ যুক্ত হবে।

৩. **আবেদনের ন্যূনতম যোগ্যতা**

(ক) পদার্থ বিজ্ঞান, রসায়ন, গণিত/উচ্চতর গণিত ও জীববিজ্ঞান বিষয়সমূহের প্রত্যেকটিতে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ ২০১৭ বা ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (HSC) বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।

(খ) বিজ্ঞান গ্রুপে ২০১৫ বা ২০১৬ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (SSC) বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।

(গ) SSC/সমমান ও HSC/সমমান এর উভয় পরীক্ষায় সর্বমোট জিপিএ ন্যূনতম ৭.০০ থাকতে হবে।

(ঘ) GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশকৃত প্রার্থীর ক্ষেত্রে 'O' লেভেল পরীক্ষায় ৫টি পেপারে ন্যূনতম 'B' গ্রেড এবং 'A' লেভেল পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়সমূহের প্রত্যেকটিতে ন্যূনতম 'B' গ্রেড থাকতে হবে।

৪. **আবেদন করার নিয়ম**

(ক) ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sau.edu.bd) এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন ফরম অনুষদ/প্রোগ্রাম পছন্দক্রমসহ যথাযথভাবে পূরণ করে Submit করতে হবে। অনুষদ/প্রোগ্রাম পছন্দক্রম কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

(খ) অনলাইনে আবেদন Submit করার পর একটি ID নম্বর প্রদান করা হবে এবং পরবর্তীতে এই ID নম্বরের অনুকুলে 'রকেট', 'শিওরক্যাশ' বা 'বিকাশ' মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি জমা দিতে হবে ।

(গ) আবেদনপত্র পূরণের সময় প্রার্থীর কানসহ পূর্ণাঙ্গ মুখমন্ডল দেখা যাবে এমন একটি পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবির সফ্ট কপি (JPG format: ফাইল সাইজ ৫০কিলোবাইটের মধ্যে) আপলোড করতে হবে।

(ঘ) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে গিয়ে অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করা হলে সাথে সাথে প্রার্থীকে একটি ID No. দেয়া হবে। ID No. সম্বলিত ডকুমেন্টটি প্রিন্ট করে রাখতে হবে। আবেদন ফি (টাকা) জমা দেওয়া ও ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহের জন্য ID No. টি প্রয়োজন হবে।

(ঙ) উক্ত ID No. এর অনুকূলে 'রকেট', 'শিওরক্যাশ' বা 'বিকাশ' মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের একাউন্টে আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা মাত্র জমা দিতে হবে। ফি জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট মোবাইল ব্যাংকিং এর Payment Flow Chart অনুসরণ করতে হবে।

(চ) প্রার্থীর প্রবেশপত্র ২১-১১-২০১৮ হতে ২৭-১১-২০১৮ তারিখের মধ্যে ওয়েবসাইটে দেয়া হবে। ID No. ব্যবহার করে ওয়েবসাইট থেকে উক্ত সময়ের মধ্যে প্রবেশপত্রটি প্রিন্ট করে নিতে হবে। ভর্তি পরীক্ষার সময় প্রবেশপত্র অবশ্যই সাথে থাকতে হবে।

(ছ) GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশকৃত প্রার্থীগণকে রেজিস্ট্রার কার্যালয় থেকে ভর্তির নির্ধারিত ফি জমা দিয়ে আবেদনপত্র সংগ্রহ পূর্বক পূরণ করে জমা দিতে হবে।

(জ) আগ্রহী বিদেশী প্রার্থীগণ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবে (Foreign applicants may apply by using the university website: www.sau.edu.bd)।

৫. **ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী**

(ক) অত্র বিশ্ববিদ্যালয়ের অনুষদসমূহে ভর্তির জন্য একটি মাত্র লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(খ) সাধারণ জ্ঞান (১০ নম্বর), ইংরেজি (১০ নম্বর), এবং উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রম অনুযায়ী পদার্থ বিজ্ঞান (২০ নম্বর), রসায়ন (২০ নম্বর), গণিত (২০ নম্বর) ও জীববিজ্ঞান (২০ নম্বর) বিষয়গুলোর উপর MCQ পদ্ধতিতে প্রতিটি ১ নম্বরের ১০০ টি প্রশ্নের ১০০ নম্বরের ১ (এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর বিয়োগ/কর্তন করা হবে।

(গ) গ্রেডিং পদ্ধতিতে SSC/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ (আট) গুণ এবং HSC/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ (বার) গুণ নম্বর লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে মোট ২০০ নম্বরের মেধা তালিকা প্রস্তুত করা হবে।

(ঘ) মুক্তিযোদ্ধা; পোষ্য (ওয়ার্ড); উপজাতি; ছিটমহলবাসী ও বিকেএসপি এবং আদিবাসী, হরিজন ও দলিত সম্প্রদায় কোটায় ভর্তির জন্য শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের এতদসংক্রান্ত বিধি মোতাবেক আসন সংখ্যা সংরক্ষিত থাকবে, যা মোট আসন সংখ্যার সাথে যুক্ত হবে।

(ঙ) লিখিত পরীক্ষা আগামী ০৭-১২-২০১৮ তারিখ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। পরীক্ষা কেন্দ্রের নাম যথাসময়ে SMS এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। বর্ণিত সময়সূচীর কোন পরিবর্তন হলে তাও জানানো হবে।

(চ) ভর্তি পরীক্ষার সময় প্রার্থীকে প্রবেশপত্র ও কালো কালির বলপেন সাথে নিয়ে আসতে হবে। ক্যালকুলেটর, ঘড়ি, মোবাইল ফোন বা অন্য কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে আনা যাবে না। ভর্তি পরীক্ষার দিন সকাল ৮.০০ ঘটিকায় সংশ্লিষ্ট কেন্দ্রসমূহের গেইট খুলে দেয়া হবে এবং প্রত্যেক পরীক্ষার্থীকে মেটাল ডিটেক্টর সম্বলিত গেইট দিয়ে প্রবেশ করতে হবে। কোন পরীক্ষার্থীর নিকট ইলেকট্রনিক ডিভাইস পাওয়া গেলে উক্ত পরীক্ষার্থীকে আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করা হবে।

৬. ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র সংক্রান্ত তথ্যাবলী

আবেদনকারী যে ভাষায় (বাংলা অথবা ইংরেজি) এ ভর্তি পরীক্ষার সময় প্রশ্নপত্র পেতে ইচ্ছুক অনলাইনে আবেদনের সময় তা ফরমের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে। এ অপশনের কোনরূপ পরিবর্তন করা যাবে না।

৭. গুরুত্বপূর্ণ তারিখসমূহ

অনলাইনে আবেদন পত্র পূরণ ও Submission	১০ অক্টোবর ২০১৮ হতে ১৫ নভেম্বর ২০১৮ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত
‘রকেট’, ‘শিওরক্যাশ’ বা ‘বিকাশ’ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফি জমা প্রদান	১০ অক্টোবর ২০১৮ হতে ১৮ নভেম্বর ২০১৮ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত
অনলাইনে প্রবেশপত্র সংগ্রহ	২১-১১-২০১৮ হতে ২৭-১১-২০১৮ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত
ভর্তি পরীক্ষা	০৭ ডিসেম্বর ২০১৮ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকায়
ফলাফল প্রকাশ	১৩ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে
মেধা তালিকা থেকে ভর্তি	১৮ ও ১৯ ডিসেম্বর ২০১৮ অফিস চলাকালীন সময়
মেধাক্রম অনুযায়ী অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি	২০ ডিসেম্বর ২০১৮ অফিস চলাকালীন
ওরিয়েন্টেশন	০১ জানুয়ারি ২০১৯ সকাল ১০.০০ ঘটিকায়
ক্লাশ শুরু	০২ জানুয়ারি ২০১৯

৮. ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে

(ক) SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার মূল/সাময়িক সার্টিফিকেট (ফটোকপি গ্রহণযোগ্য নয়)

(খ) SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষার মূল গ্রেডসিট

(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত (প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক) রঙিন ছবি

(ঘ) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র অথবা ১৯৯৭ সন থেকে ২০০১ সন পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধার সহিত আত্মীয়তার সম্পর্ক প্রমাণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের সার্টিফিকেট

(ঙ) পোষ্য (ওয়ার্ড) কোটার ক্ষেত্রে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধানের সুপারিশের আলোকে রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র

(চ) ছিটমহলবাসী/উপজাতি/আদিবাসী/হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট

(ছ) বিকেএসপি এর কোটার ক্ষেত্রে বিকেএসপি প্রধান কর্তৃক প্রদত্ত সনদপত্র

৯. অন্যান্য লক্ষণীয় বিষয়সমূহ

(ক) ভর্তি সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য সরবরাহকারীর ভর্তি কর্তৃপক্ষ অবগত হওয়া মাত্রই বাতিল করা হবে।

(খ) আবাসিক হলে সিটের অপ্রতুলতাহেতু ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের হলে সিট বরাদ্দের আপাতত কোন সুযোগ নেই।

(গ) আবেদন সংক্রান্ত কোন তথ্য জানার প্রয়োজন হলে admission@sau.edu.bd ঠিকানায় ই-মেইল করা যেতে পারে।

(ঘ) ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা/উপ-ধারা পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিমার্জন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(শেখ রেজাউল করিম)
সদস্য-সচিব, ভর্তি কমিটি-২০১৯
ও
রেজিস্ট্রার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা